

স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৫৭.১৪৯.১৮(অংশ-২). ৬০৯

তারিখ : ০১/০৯/২০২২ খ্রি.

বিষয়: মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফার্স্ট এইড (পার্ট-১) অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ইউনিসেফ-এর সহায়তায় মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ‘মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফার্স্ট এইড (পার্ট ১)’ অনলাইন প্রশিক্ষণ কোর্স তৈরি করে তা বর্তমানে মুক্তপাঠে অন্তর্ভুক্ত করেছে। দীর্ঘ প্রায় আঠারো মাস কোভিড-১৯ এর কারণে শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি শিক্ষা কার্যক্রম এবং শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগ ও খেলাধুলা কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকগণের মধ্যে নানাবিধ মানসিক চাপ পরিলক্ষিত হচ্ছে। শিক্ষার্থী ও শিক্ষকগণের মানসিক চাপ নিরসনের লক্ষ্যে সকল শিক্ষকের ‘মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফার্স্ট এইড (পার্ট ১)’ অনলাইন প্রশিক্ষণটি গ্রহণ করা প্রয়োজন। আগামী ১৫ই সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষককে অনলাইনে মুক্তপাঠ এর মাধ্যমে প্রশিক্ষণটি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

প্রশিক্ষণটি সম্পন্ন করার পর অংশগ্রহণকারী একটি অটো জেনারেটেড সার্টিফিকেট প্রাপ্ত হবেন। প্রাপ্ত সার্টিফিকেটটি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট ২০.০৯.২০২২ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। অতঃপর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ জেলা শিক্ষা কর্মকর্তাগণের কাছে সার্টিফিকেটগুলো জমা দিবেন। জেলা শিক্ষা কর্মকর্তাগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)-এর সংশ্লিষ্ট উইং এ ৩০.০৯.২০২২ খ্রি তারিখে জমা প্রদান করবেন।

অনলাইন প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নিম্নের ধাপসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. কোর্সের লিংকে (<https://muktopaath.gov.bd/course-details/848>) প্রবেশ করে, মুক্তপাঠ পেজের ‘কোর্সটি শুরু করুন’ বাটনে ক্লিক করে লগ-ইনের মাধ্যমে সরাসরি কোর্সে অংশগ্রহণ করবেন।
২. যদি মুক্তপাঠে পূর্বেই রেজিস্ট্রেশন করা থাকে তাহলে সরাসরি ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে কোর্স শুরু করবেন।
৩. যদি মুক্তপাঠে রেজিস্ট্রেশন করা না থাকে তবে রেজিস্ট্রেশন নির্দেশনা অনুযায়ী মুক্তপাঠ পেজে রেজিস্ট্রেশনের মাধ্যমে কোর্সটি শুরু করবেন।
৪. উপরের দুটো ক্ষেত্রেই লগ-ইন/রেজিস্ট্রেশন এর তথ্য ভেরিফিকেশন এর জন্য আপনার PDS ID এবং Date of Birth (সার্টিফিকেট অনুযায়ী) প্রয়োজন। সঠিক PDS ID এবং Date of Birth প্রদানের মাধ্যমে কোর্সটি সম্পন্ন করবেন।
৫. এই কোর্সে মোট ৮টি মডিউল রয়েছে এবং প্রতিটি মডিউলে একাধিক সাব মডিউলের মাধ্যমে বিষয়বস্তুগুলোকে বিন্যস্ত করা হয়েছে। এই কোর্সটি সম্পন্ন করতে আনুমানিক ২:৩০-৩:০০ ঘন্টা সময় প্রয়োজন। তবে ব্যক্তিভেদে এর তারতম্য হতে পারে।
৬. মডিউলগুলোর প্রতিটি বিষয়বস্তুর ন্যূনতম সময় নির্ধারণ করা হয়েছে এবং নির্ধারিত সময় অতিবাহিত না হওয়া পর্যন্ত উক্ত অংশটি অসম্পন্ন থাকবে।
৭. প্রতিটি ভিডিও কন্টেন্টের নিচেই স্ক্রিপ্ট সংযোজন করা হয়েছে। ভিডিও দেখতে অসুবিধা হলে প্রয়োজনে পড়েও নিতে পারেন।
৮. প্রতিটি মডিউলে বিভিন্ন পর্যায়ে বিষয়বস্তুর ধারণা যাচাইয়ের জন্য কুইজ সংযোজন করা হয়েছে। কোর্স সম্পন্ন করে সার্টিফিকেট অর্জনের জন্য প্রতিটি কুইজে অংশগ্রহণ করে সঠিক উত্তর প্রদানের মাধ্যমে কৃতকার্য হতে হবে। প্রতিটি কুইজে একাধিকবার অংশগ্রহণের সুযোগ রয়েছে।
৯. মুক্তপাঠের অন্যান্য কোর্সের মতোই সুবিধামতো সময়ে কোর্সটি সম্পন্ন করতে পারবেন।

(প্রফেসর নেহাল আহমেদ)  
মহাপরিচালক

প্রধান শিক্ষক, সকল মাধ্যমিক বিদ্যালয় (সরকারি ও বেসরকারি)

সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সারের কার্যালয়

মান্দা, নওগাঁ

স্মারক নং-৩৭.০২.৬৪৪৭.০০০.১২.০২.২০২২-৯৬৩

তারিখ : ০৪/০৯/২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক-----মান্দা, নওগাঁ। পত্রের নির্দেশনা মোতাবেক অনলাইনে মুক্তপাঠ এর মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করে শিক্ষকের নামের তালিকা সহ দুই প্রস্থ সার্টিফিকেট আগামী ২০/০৯/২০২২ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দানের জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস কপি।

মোঃ শাহ আলম সেখ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

মান্দা, নওগাঁ।

E-Mail : useomanda@gmail.com